# জান্নাত-জাহান্নাম

বিভাগ/অধ্যায়ঃ জাহান্নামীদের দেহাকৃতির বিশালতা

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

জাহান্নামীদের দেহাকৃতির বিশালতা

পাপের শাস্তি অধিকরূপে ভোগাবার জন্য জাহান্নামীদের দেহাকৃতি খুব বিশাল করা হবে। অনুমান করার জন্য হাদীসে সেই বিশালত্ব কয়েকভাবে বর্ণিত হয়েছেঃ-

মহানবী (ﷺ) বলেন, “কাফেরের দুই কাঁধের মধ্যবর্তী স্থান হবে দ্রুতগামী অশ্বারোহীর তিন দিনের পথ!” (মুসলিম)

তিনি আরো বলেন, “কাফেরের চোয়ালের দাঁত হবে উহুদ পাহাড়ের সমান। আর তার চামড়ার স্থূলতা হবে তিন দিনের পথ!” (ঐ)।

অন্য এক বর্ণনায় আছে, “কাফেরের চামড়ার স্থূলতা হবে বিয়াল্লিশ হাত, তার চোয়ালের দাঁত হবে উহুদের মত (প্রায় ৭ কিমি, লম্বা ৩ কিমি. চওড়া ও ৩৫০ মি. উঁচু) এবং জাহান্নামে তার বসার জায়গা হবে মক্কা ও মদীনার মধ্যবর্তী জায়গা পরিমাণ। (অর্থাৎ ৪২৫ কিমি.।)” (তিরমিযী)

অন্য এক বর্ণনায় আছে, “কাফেরের চামড়ার সুলতা হবে সত্তর হাত, তার বাহু হবে বাইযা পাহাড়ের মত, তার জাং হবে অরেক্বান পাহাড়ের মত এবং জাহান্নামে তার বসার জায়গা হবে আমার ও রাবার মধ্যবর্তী জায়গা। পরিমাণ।” (আহমাদ, হাকেম)

Source — https://www.hadithbd.com/books/link/?id=12232

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন